

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

স্মারক নং- এবাএখা/ প্রশা/পরিপত্র-২(অংশ-১)/২৭৯/২০১০- ৫৬৪৭.

তারিখঃ ১৫-০৬-২০২১ খ্রিঃ।

বিষয়ঃ জেলা ও উপজেলা দপ্তরে বিদ্যমান জনবল, অফিস ভবনসহ ব্যবহৃত সকল পণ্য/ দ্রব্যাদির ইনভেন্টরী প্রণয়নের জন্য সংশোধিত ছক প্রেরণ।


- সূত্রঃ (১) এবাএখা/ প্রশা/পরিপত্র-২(অংশ-১)/২৭৯/২০১০- ১৩৭৮, তারিখঃ ১২-০৬-২০১৬ খ্রিঃ।
(২) এবাএখা/ প্রশা/পরিপত্র-২(অংশ-১)/২৭৯/২০১০-১৬৪১, তারিখঃ ১৮-০৭-২০১৬ খ্রিঃ।
(৩) এবাএখা/ প্রশা/পরিপত্র-২(অংশ-১)/২৭৯/২০১০-৪৫০৩, তারিখঃ ২২-১২-২০২০ খ্রিঃ।
(৪) এবাএখা/ প্রশা/পরিপত্র-২(অংশ-১)/২৭৯/২০১০-৪৯৬৭, তারিখঃ ০২-০৩-২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোল্লিত স্মারক পত্রসমূহের অনুবিত্তিক্রমে জানানো যাচ্ছে যে, অনুমোদিত ৪র্থ সংশোধিত আরডিপিপি অনুযায়ী আগামী ৩০ জুন ২০২১ তারিখে আমার বাড়ি আমার খামার প্রকল্প সমাপ্ত হবে। প্রকল্প সমাপ্তিতে পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ৩৯ ধারা এবং অনুমোদিত ৪র্থ সংশোধিত আরডিপিপি'র বিধানমতে আমার বাড়ি আমার খামার প্রকল্পের জনবল, সম্পদ, দায়, অধিকার ইত্যাদি পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর করতে হবে। এ প্রেক্ষিতে নির্ধারিত 'সংশোধিত ছক' পূরণের মাধ্যমে উপজেলা ও জেলা দপ্তরে বিদ্যমান জনবল, অফিস ভবনসহ ব্যবহৃত সকল পণ্য/দ্রব্যাদির দুই প্রস্থ পূর্ণাঙ্গ ইনভেন্টরী রিপোর্ট প্রণয়ন করে প্রতি পাতায় কর্মকর্তা/ কর্মচারীর স্বাক্ষর সন্নিবেশন করে এক প্রস্থ উপজেলা দপ্তরে সংরক্ষণ করতে হবে। অপর স্বাক্ষরিত মূল এক প্রস্থ ও ফটোকপি এক প্রস্থসহ মোট দুই প্রস্থ আগামী ২০ জুন ২০২১ তারিখের মধ্যে জেলা দপ্তরে প্রেরণ করতে হবে। জেলা দপ্তর প্রতি উপজেলা দপ্তর হতে প্রাপ্ত রিপোর্টের ফটোকপির সেটগুলো জেলা দপ্তরে সংরক্ষণ করবে এবং মূল স্বাক্ষরিত ইনভেন্টরী রিপোর্টসমূহ একিভূত করে একজন বাহকের মাধ্যমে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। একইসাথে রিপোর্টের সফটকপি (নিকশ ফন্ট) সংযুক্ত ছকের বর্ণনামতে বিভাগওয়ায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইনভেন্টরী রিপোর্টের হার্ড ও সফট কপি না পাওয়া গেলে তা যথাসময়ে পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর করা সম্ভব হবেনা।

এমতাবস্থায়, পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম গতিশীলকরণের লক্ষ্যে উপজেলা ও জেলা ভিত্তিক যাচিত ইনভেন্টরী রিপোর্ট আগামী ২৫/০৬/২০২১ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত আমার বাড়ি আমার খামার প্রকল্প সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো। এ বিষয়ে প্রয়োজনে অত্র প্রকল্পের সিনিয়র কনসালটেন্ট (এমআইএস-ফিনান্স) জনাব দীপক রঞ্জন ভৌমিক (মোবাইল নং-০১৯৩৮৮৭৯০০৫) এর সহিত যোগাযোগ করা যেতে পার।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: বর্ণনামোতাবেক ০৬ পাতার সংশোধিত ছক এক প্রস্থ।



(আব্বার হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ০২-৯৩৫৯০৮৩; ফ্যাক্সঃ ০২-৯৩৪৮২০৬

headoffice@ebek-rdcd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

....., উপজেলা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সকল), জেলা।
- ৩। প্রোগ্রামার, আবাআখা প্রকল্প, ঢাকা। (প্রকল্পের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৪। জেলা সমন্বয়কারী (সকল জেলা দপ্তর), আমার বাড়ি আমার খামার প্রকল্প।
- ৬। উপজেলা সমন্বয়কারী, (সকল), আমার বাড়ি আমার খামার প্রকল্প।
- ৭। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।